# নতুন পিসির জন্য দরকারী ফ্রি প্রোগ্রাম

**লুৎফুন্নেছা রহমান**

নতুন পিসি একটি খালি স্লিপ ছাড়া আর কিছু নয়। একটি পিসিতে নতুন নতুন কম্পোনেন্ট যুক্ত করার যেমন প্রচুর সুযোগ থাকে, তেমনি থাকে গৃহস্থালি কাজের জন্য সহায়ক সফটওয়্যার থেকে শুরু করে বাজেট ব্যালেন্সের জন্য প্রয়োজনীয় সফটওয়্যারসহ নতুন নতুন সহায়ক অনেক সফটওয়্যার ইনস্টল করার। এ লেখায় ব্যবহারকারীদের উদ্দেশে নতুন পিসিতে প্রয়োজনীয় অথচ ফ্রি কিছু সফটওয়্যারের লিস্ট তুলে ধরা হয়েছে, যেগুলো আপনার পিসিতে ইনস্টল করা উচিত।

## উইন্ডোজ ১০

ইদানীং বিপুলসংখ্যক ক্রেতা নতুন কমপিউটার কিনছেন, যেগুলোতে উইন্ডোজ ১০ প্রিইনস্টল করা অবস্থায় যুক্ত করে দেয়া হয়। কমপিউটার কাঁপানো স্টার্ট-মেনু-ফ্রি উইন্ডোজ ৮.১ এখনও ব্যাপকভাবে বিক্রি হচ্ছে। আপনি নিশ্চিতভাবে স্টার্ট মেনুর রিপ্লেসমেন্ট টুল গ্র্যাব করতে পারবেন এবং টোয়েক করতে পারবেন লাইভ-টাইল্ড ওএস, যাতে পেতে পারেন প্রায় অপটিমাল ডেস্কটপ এক্সপেরিয়েন্স। তবে এ কথা জোর দিয়ে বলা যায়, যদি আপনি একটি নতুন উইন্ডোজ ৮.১ পিসি শুধু আনর‌্যাপ করেন তাহলে এখানে কোনো কারণ নেই যে মাইক্রোসফটের ফ্রি উইন্ডোজ ১০ আপগ্রেড গ্র্যাব করার, যদিও এটি এখন বিনামূল্যে পাচ্ছেন ব্যবহারকারীরা। উইন্ডোজ ১০ উইন্ডোজ ৮-এর খারাপ দিকগুলো পরিষ্কার করে। পক্ষান্তরে উইন্ডোজ ৭ ও উইন্ডোজ ৮-এর সেরা অংশগুলো সমন্বিত করে।

উইন্ডোজ ১০-এ আপগ্রেড করার অফার পপআপ করা উচিত যখন পিসি বুটআপ করা হয়। এ ক্ষেত্রে আপনাকে নিশ্চিত করতে হবে প্রয়োজনীয় যেকোনো পার্সোনাল ডাটা ব্যাকআপ করার। এজন্য Upgrade now-এ ক্লিক করুন উইন্ডোজ ১০-এর ইনস্টলিং প্রসেস শুরু করার জন্য। একবার সবকিছু সেট করার পর বিশেষজ্ঞদের পরামর্শ অনুযায়ী কাজগুলো সম্পন্ন করুন।




## নাইনাইট

নাইনাইট (Ninite) নামে টুলটি সফটওয়্যার লোড করার কার্যক্রমকে সহজতর ও প্রাণবন্ত করে। এটি একটি ফ্রি সফটওয়্যার। নাইনাইট ওয়েবসাইটে মনোনিবেশ করুন এবং কোন সফটওয়্যার আপনার কমপিউটারে ইনস্টল করতে চান, তা সিলেক্ট করুন। এ টুল অফার করে ডজনখানেক অপশন। আপনার কাঙ্ক্ষিত সফটওয়্যারটি সিলেক্ট করুন, যেটি ইনস্টল করতে চান। এবার একটি প্রোগ্রাম সিলেক্ট করে Get Installer-এ ক্লিক করুন একটি সিঙ্গেল custom.exe ফাইল পাওয়ার জন্য। এটি ধারণ করে ওইসব প্রোগ্রামের ইনস্টলার। রান করুন এক্সিকিউটেবল ফাইল এবং নাইনাইট আপনার সিলেক্ট করা ফাইলগুলো ইনস্টল করবে। এটি স্বয়ংক্রিয়ভাবে এর অফারকে পরিহার করতে থাকে। ব্লটওয়্যার বান্ডলে অফার করা হয় প্রচুর ফ্রি অ্যাপ, যেগুলো স্বয়ংক্রিয়ভাবে ব্যবহারকারীর অলক্ষ্যে অপসারণ করে বিনা ঝামেলায় ও সমস্যায়।



## এভিজি অ্যান্টিভাইরাস

ধরুন, আপনি পরিকল্পনা করলেন পিসিকে ইন্টারনেটের সাথে যুক্ত করতে অথবা কোনো একটি ইউএসবি পোর্টে থাম্ব ড্রাইভ ঢুকিয়ে কাজ করতে। এ অবস্থায় আপনার দরকার একটি অ্যান্টিভাইরাস সফটওয়্যার ইনস্টল করা। উইন্ডোজ ৮-এর সাথে বান্ডেল করে দেয়া হয় উইন্ডোজ ডিফেন্ডার নামের মাইক্রোসফটের ডেভেলপ করা টুল। উইন্ডোজ ডিফেন্ডার বাই ডিফল্ট অ্যাক্টিভেটেড থাকে, যদি আপনার পিসি প্রস্তুতকারকেরা প্রিমিয়াম অ্যান্টিভাইরাস ট্রায়ালওয়্যার প্রিইনস্টল করে না দেয়। প্রিমিয়াম অ্যান্টিভাইরাস ট্রায়ালওয়্যারটি প্রতিরোধমূলক কোনো ব্যবস্থা না থাকার চেয়ে ভালো। যাকে বলা যায় মন্দের ভালো। উইন্ডোজ ডিফেন্ডার ক্ষতিকর ভাইরাস বা ওয়ার্ম প্রতিরোধে খুব একটা ইফেক্টিভ নয়, যেমনটি দেখা যায় থার্ডপার্টি অপশনের ক্ষেত্রে।




তবে এভিজি অ্যান্টিভাইরাসের ফ্রি ভার্সন ক্ষতিকর এবং বিরক্তিকর ম্যালওয়্যার ব্লক করার ক্ষেত্রে চমৎকার কাজ করতে পারে। এতে সম্পৃক্ত রয়েছে বাড়তি কিছু ফিচার, যেমন– সিকিউর শ্রেডার। আপনার ব্রাউজারের জন্য দরকার Do Not Track প্রোটেকশন ফিচার। এটি স্বয়ংক্রিয়ভাবে শিডিউল স্ক্যান করতে পারে। অ্যাভাস্ট অ্যান্টিভাইরাস ফ্রি এবং পান্ডা ফ্রি অ্যান্টিভাইরাস হলো অন্যান্য বিকল্প ফ্রি অ্যান্টিম্যালওয়্যার অপশন। তবে ইতোমধ্যে এভিজি অ্যান্টিভাইরাস প্রোগ্রামটি সেফ এবং সিকিউর টুল হিসেবে অনেকেরই আস্থা অর্জন করতে সক্ষম হয়।

## ম্যালওয়্যারবাইট অ্যান্টিম্যালওয়্যার ফ্রি

কমপিউটারকে সেভ এবং সিকিউর রাখার জন্য অন্যতম জনপ্রিয় প্রোগ্রাম এটি। তবে আমাদের মনে রাখা দরকার, কোনো একক ইউটিলিটি বুলেটপ্রুফ প্রোটেকশন অফার করতে পারে না, বিশেষ করে ইদানীংকার সবচেয়ে চতুর এবং সবচেয়ে আধুনিক হুমকির বিরুদ্ধে। ম্যালওয়্যারবাইট অ্যান্টিম্যালওয়্যার ফ্রি টুলটি বিশেষভাবে ডিজাইন করা হয় কাটিং এজ 'zero day' হুমকি খুঁজে বের করে দূর করার জন্য। আপনি সিডিউল স্ক্যান করতে পারবেন না অথবা রেগুলার অ্যান্টিভাইরাস প্রোগ্রামের মতো ব্যবহারও করতে পারবেন না। তবে ম্যালওয়্যারবাইট অ্যান্টিম্যালওয়্যার ফ্রি প্রোগ্রামটি আপনার কাছে মূল্যাতীত হয়ে উঠবে যখন মনে হবে প্রাইমারি অ্যান্টিভাইরাস ইউটিলিটি কোনো কিছু স্লিপ করে গেছে।




ম্যালওয়্যারবাইট ব্রাউজিংয়ের সময় নিশ্চিত হয়ে নিন কোম্পানির ফ্রি ম্যালওয়্যারবাইট অ্যান্টিএক্সপ্লয়িড গ্র্যাব করার ব্যাপারে। বর্তমানে বেশি থেকে বেশি ম্যালওয়্যার ব্রাউজার হয় এক্সপ্লয়িডের মাধ্যমে। তবে এই টুল ওয়েব ব্রাউজারে চারটি বাড়তি সিকিউরিটি লেয়ার যুক্ত করার মাধ্যমে আপনাকে সহায়তা করবে সঙ্কট মুহূর্তে। যেহেতু এ টুলটি একটি স্ট্যান্ডঅ্যালোন ►

অ্যান্টিভাইরাস সলিউশন নয়, তাই ম্যালওয়্যারবাইট অ্যান্টিএক্সপ্লয়িড চমৎকারভাবে কাজ করতে পারবে এভি সফটওয়্যারের সাথে।

## পিসি ডিক্র্যাপিফায়ার

পিসিকে অবৈধ অনুপ্রবেশ বা বাইরের আক্রমণ থেকে রক্ষা করার জন্য সিকিউরিটি সফটওয়্যার ইনস্টল করতে হবে। সিকিউরিটি সফটওয়্যার ইনস্টল করার পাশাপাশি আপনার জন্য প্রথম এবং প্রধান কাজ হলো কমপিউটার থেকে সব প্রিইনস্টল করা জাঙ্ক পরিষ্কার করা। বেশিরভাগ বক্স করা নতুন পিসি ব্লটওয়্যারে পরিপূর্ণ। সম্ভবত এগুলোর বেশিরভাগই সিস্টেম রিসোর্সকে ব্লগ করা ছাড়া আপনার জন্য তেমন সহায়ক হবে না।




এমন অবস্থায় পিসি ডিক্র্যাপিফায়ারের কথা আসতে পারে। পিসি ডিক্র্যাপিফায়ার খুব ছোট আকারের এক বিস্ময়কর প্রোগ্রাম, যা চমৎকারভাবে পিসি স্ক্যান করতে পারে। এ প্রোগ্রামটি আপনার সিস্টেমে ইনস্টল করা ব্লটওয়্যারের চেকলিস্ট তৈরি করে এবং সেগুলো মুছে ফেলতে সহায়তা করে। প্রোগ্রামগুলো মুছে ফেলার সময় সতর্কতা অবলম্বন করতে হবে, যাতে প্রয়োজনীয় ফাইল মুছে না যায় অর্থাৎ প্রয়োজনীয় ফাইলগুলো এড়িয়ে মুছতে হবে।

## বেঞ্চমার্কিং এবং স্ট্রেস-টেস্টিং সফটওয়্যার

যদি আপনি নিজেই নিজের কমপিউটারটি ধীরে ধীরে তৈরি করে থাকেন, তাহলে ব্লটওয়্যার নিয়ে উদ্বিগ্ন থাকার কোনো কারণ নেই। আপনার তৈরি নতুন কমপিউটারের সব কম্পোনেন্টের মান সম্পর্কে উদ্বিগ্ন থাকতে পারেন। যেমন– আপনার চমৎকার গ্রাফিক্স কার্ডটি হয়তো কাজ নাও করতে পারে। সঠিক সফটওয়্যারের শক্তিসামর্থ্য নিশ্চিত করতে পারে সবকিছু স্বাভাবিকভাবে রান করানোর ব্যাপারে।

যে প্রোগ্রামটি আপনার দরকার তার লিস্টটি বিশাল। তাই চেক করে দেখুন আপনার কমপিউটারের স্ট্রেস-টেস্টিং এবং বেঞ্চমার্কিং ধরনের সফটওয়্যার।

## সিক্লিনার

পিরিফরম তৈরি করে আরেকটি খুব প্রয়োজনীয় সিস্টেম টুল, যা সিক্লিনার নামে আমাদের সবার কাছে পরিচিত। পিসিকে পরিষ্কার এবং টিপটপ রাখার জন্য যেসব কাজ করা দরকার তার সবই করে থাকে সিক্লিনার নামের টুলটি। মেরামত তথা ডিচিংসহ অনাকাঙ্ক্ষিত কুকিজ, ব্রাউজিং হিস্টোরি মুছে ফেলা, অপ্রয়োজনীয় ফাইল ডিলিট করা এবং উইন্ডোজ রেজিস্ট্রিকে পরিষ্কার করে চকচকে রাখে।




সিক্লিনার টুলটি খুব কার্যকর এবং শক্তিশালী, অথচ এটি ফ্রি। এর প্রফেশনাল ভার্সনের দাম ২৫ ডলার।

## সিকিউনিয়া পিএসআই

যেসব প্রোগ্রাম আপ-টু-ডেট নয়, সেগুলোতে সিকিউরিটি হোল থেকে যাওয়ার সম্ভাবনা যেমন থাকে, তেমনি ফিচার মিশিংয়ের সম্ভাবনাও থাকে। সিকিউনারের পার্সোনাল সফটওয়্যার ইনস্পেক্টর নামের টুলটি নীরবে ব্যাকগ্রাউন্ডে থেকে স্বয়ংক্রিয়ভাবে আপনার সফটওয়্যারের প্যাচ রাখতে থাকে। যদি কোনো কারণে এ টুলটি কোনো অ্যাপের আপডেট রাখতে ব্যর্থ হয়, তাহলে কখন আপডেট পাওয়া যাবে সে ব্যাপারে আপনাকে নোটিফাই করবে। আপনার পিসিকে সবসময় আপডেট রাখার জন্য ঝামেলার কাজগুলো সম্পন্ন করে থাকে।

## ভিএলসি মিডিয়া প্লেয়ার

উইন্ডোজ ১০-এর রয়েছে খুব সূক্ষ্ম সমস্যা। এটি বক্সের বাইরের ডিভিডি প্লে করতে পারে না, যা উইন্ডোজ ৭-এর মতো নয়। যদি আপনি একটি বক্স সিস্টেম কিনে থাকেন, আপনার পিসির সাথে একটি ডিভিডি-প্লেয়িং প্রোগ্রাম ইনস্টল থাকার সম্ভাবনা রয়েছে। যদি না থাকে, সাধারণ ভিএলসি মিডিয়া প্লেয়ার আপনার এ চাহিদা মেটাতে পারবে। ভিএলসি মিডিয়া প্লেয়ার মিউজিক এবং পডকাস্টও প্লে করতে পারবে। এটি একটি ফ্রি টুল, যা ব্লু-রে ডিস্কও প্লে করতে পারে।



## পেইন্ট ডটনেট

পেইন্ট ডটনেট হলো পিসির জন্য একটি ফ্রি ইমেজ এবং ফটো এডিটিং সফটওয়্যার, যা উইন্ডোজে রান করে। পেইন্ট ডটনেট সংজ্ঞা এবং উদ্ভাবনীমূলক ইউজার ইন্টারফেসসমৃদ্ধ, যা সাপোর্ট করে লেয়ার, আনলিমিটেড আনডু, স্পেশাল ইফেক্ট এবং খুব কার্যকর ও সহায়ক বিভিন্ন ধরনের টুল। এ ইমেজ এডিটরে ফটোশপের সব ফিচার পাওয়া যাবে না, তবে সহজ-সরল সাধারণ ফটো এডিটের জন্য যা যা প্রয়োজনীয়, তার সবই পাবেন এ টুলে।

যদি আপনি একজন গ্রাফিক্স প্রফেশনাল হয়ে থাকেন এবং ফটোশপের মতো ব্যয়বহুল ফটো এডিটিং সফটওয়্যার কেনার মতো ক্ষমতাবান না হন, তাহলে পেইন্ট হতে পারে আপনার জন্য সেরা বিকল্প।



## সুমাত্রা পিডিএফ

সুমাত্রা পিডিএফ হলো উইন্ডোজের জন্য একটি ওপেনসোর্স পিডিএফ ভিউয়ার। এই টুলকে খুব সূক্ষ্মভাবে ডিজাইন করা হয়েছে এবং প্রচুর পরিমাণে ফিচারসমৃদ্ধ করার পরিবর্তে সিম্পলিসিটিকে বেশি প্রাধান্য দেয়া হয়েছে এর ডিজাইনে। পরিপূর্ণ পিডিএফ রিডারের বাড়তি ফিচারের দেখা পাওয়া যাবে না সুমাত্রা পিডিএফ রিডারে। তবে পিডিএফ ডকুমেন্ট ফরম্যাটের ফাইল সুমাত্রা পিডিএফ দিয়ে খুব দ্রুতগতিতে এবং সম্পূর্ণরূপে নির্ভুলভাবে রিড করা যায়। যেহেতু সুমাত্রা পিডিএফ অ্যাডোবির অফার করা সফটওয়্যারের তুলনায় কম সর্বোব্যাপী, তাই হ্যাকারের হামলার শিকারও তুলনামূলকভাবে অনেক কম হয়।




## আইটিউনস

আইটিউন হলো অ্যাপল ইঙ্কের ডেভেলপ করা মিডিয়া প্লেয়ার, মিডিয়া লাইব্রেরি, অনলাইন রেডিও ব্রডকাস্টার এবং মোবাইল ডিভাইস ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন। আপনার সংগ্রহে থাকা ডিজিটাল অডিও মিউজিক, মুভি এবং টিভি শো অর্গানাইজ ও উপভোগ করার অন্যতম সেরা উপায় হলো আইটিউন। আইটিউন ম্যাক এবং পিসি উভয় প্ল্যাটফরম সাপোর্ট করে।

আইটিউন স্টোরে ৪৩ মিলিয়ন ট্র্যাকের মিউজিক রয়েছে, যেখান থেকে কিনে নিয়ে আপনার পছন্দের পার্সোনাল মিউজিক লাইব্রেরি তৈরি করতে পারেন।

*ফিডব্যাক : mahmood_sw@yahoo.com*